

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারঃ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
পার-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৪৭.১২.০৩৬.১৯(অংশ-২)-৬৩৫


তারিখ: ২১/০৯/২০২০ খ্রিঃ

বিষয়ঃ বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসের সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির নিমিত্ত খসড়া তালিকা প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসের কর্মকর্তাদের সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির জন্য স্বাস্থ্য সেবা বিভাগ হতে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে অর্জিত উচ্চতর/ডিপ্লোমা ডিগ্রির ভিত্তিতে বিষয়ভিত্তিক প্রস্তুতকৃত তালিকা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য সেবা বিভাগের ওয়েবসাইটে (www.mohfw.gov.bd, www.hsd.gov.bd) প্রকাশ করা হলো।

সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির জন্য আবশ্যিক তথ্যের ঘাটতির বিষয় খসড়া তালিকায় গোল (০) চিহ্ন দ্বারা চিহ্নিত করা হয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে তালিকায় উল্লিখিত তথ্যের সঠিকতা যাচাই করার জন্য অনুরোধ করা হলো। তথ্যে কোনরূপ গড়মিল পরিলক্ষিত হলে বা উক্ত তালিকা প্রকাশের দিন পর্যন্ত কোন যোগ্য কর্মকর্তার নাম বাদ পড়লে সংশ্লিষ্ট কর্মকর্তাকে আগামী ০৪ (চার) কার্যদিবস (২৭/০৯/২০২০ তারিখ) এর মধ্যে জরুরী ভিত্তিতে নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ স্বাস্থ্য সেবা বিভাগের পার-১ শাখার ই-মেইলে (per1@hsd.gov.bd) আবেদন/আপত্তি প্রেরণ করার অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের পর এ বিষয়ে কোন আপত্তি/আবেদন গ্রহণযোগ্য হবে না।

উল্লেখ্য, সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির আবেদনের জন্য ফিডার পদে ডিগ্রীভেদে ৩/৪/৫ বছরের চাকুরিকাল, সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর/ডিপ্লোমা ডিগ্রি, চাকরি স্থায়ীকরণ, বিএমডিসি কর্তৃক স্বীকৃত জার্নালে প্রকাশিত ০৩ (তিন)টি মূল (Original) প্রকাশনা, প্রযোজ্য ক্ষেত্রে চাকরি নিয়মিতকরণ/সিনিয়র স্কেল পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার তথ্য আবশ্যিক।


(সারমিন সুলতানা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৪।
Email: per1@hsd.gov.bd

বিতরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। (তাকে তালিকাসহ পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।)
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (তাকে পত্রটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করাসহ দেশের সকল সরকারি মেডিকেল কলেজ ও হাসপাতাল, এর অধ্যক্ষ/পরিচালক, ইনস্টিটিউট প্রধান, বিভাগীয় পরিচালক, সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল) বরাবরে ই-মেইলের মাধ্যমে প্রেরণ করে ব্যাপক প্রচার নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।)